

ব্যক্তিগত আয়োজনে এইচএসসি পরীক্ষার্থীদের বিদায়

পার্বত্যাঞ্চল প্রতিনিধি, খাগড়াছড়ি

প্রকাশিত: ১২:২৯, ২২ জুন ২০২৫



দিনব্যাপী নানা আনুষ্ঠানিকতায় বিদায় নিলেন খাগড়াছড়ি সরকারী
মহিলা কলেজের ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার্থীরা।

এ উপলক্ষে সকালে কলেজের একাডেমিক ভবনের হল রুমে সকল
শিক্ষার্থী ও সকলের মঙ্গলের জন্য বার্ষিক মিলাদ মাহফিল ও সর্ব ধর্মীয়
প্রার্থনার আয়োজন করেন কলেজ কর্তৃপক্ষ।

অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ পুলক বরন চাকমা, খাগড়াছড়ি কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম মাওলানা সালাউদ্দিন আলকাদেরী, লক্ষ্মী নারায়ণ মন্দিরের পুরোহিত রতন চক্রবর্তী, মহাজন পাড়া জনবল বৌদ্ধ বিহারের ভিক্ষু অগ্র বংশ ভান্তে, খাগড়াপুর ব্যাপ্টিক চার্চের পালক হেমঙ্ক ত্রিপুরা বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে আশীর্বাদ ও পরামর্শ মূলক বক্তব্য প্রদান করেন। পরে কলেজের অধ্যক্ষ বিদায়ী শিক্ষার্থী কলেজ ক্যাম্পাসে বৃক্ষ রোপন করেন। পরে কলেজের অধ্যক্ষ বিদায়ী শিক্ষার্থী কলেজ ক্যাম্পাসে বৃক্ষ রোপণ করেন।

এ বছর খাগড়াছড়ি সরকারী মহিলা কলেজ থেকে ৮৬১ জন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিবে।